

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৯০

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফরকারীকে উপদেশ দেওয়া, বিদায় দেওয়ার দু'আ পড়া ও তার কাছে নেক দু'আর নিবেদন ইত্যাদি

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ : جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ عَلَيْ فَقَالَ : يَا رَسُوْلَ اللهِ إِنِّي أُرِيدُ سَفَراً فَزَوِّدْنِي فَقَالَ : وَدْنِي قَالَ وَيَسَّرَ لَكَ الْخَيْرَ فَقَالَ زَوَّدَكَ الله التَّقْوَى قَالَ : زِدْنِي قَالَ وَيَسَّرَ لَكَ الْخَيْرَ حَيْثُمَا كُنْتَ رواه الترمذي وقال حديث حسن

বাংলা

(৩১৯০) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে নিবেদন জানাল, 'হে আল্লাহর রসূল! আমি সফরে যাব, সুতরাং আমাকে পাথেয় দিন।' তিনি উত্তরে এই দু'আদিলেন, 'যাউওয়াদাকাল্লা-হুত্ তারুওয়া।' অর্থাৎ, আল্লাহ তোমাকে সংযমশীলতার পাথেয় দান করুন। লোকটি পুনরায় বলল, 'আমাকে আরো পাথেয় দিন।' তিনি দু'আ দিয়ে বললেন, 'অগাফারা যামবাকা।' অর্থাৎ, আল্লাহ তোমার অপরাধ ক্ষমা করুন। লোকটি আবার নিবেদন করল, 'আমাকে আরো দিন।' তিনি পুনরায় দু'আ দিয়ে বললেন, 'অয়্যাসসারা লাকাল খাইরা হাইসুমা কুনতা।' অর্থাৎ, তুমি যেখানেই থাক, আল্লাহ যেন তোমার জন্য কল্যাণ সহজ ক'রে দেন।

ফুটনোট

(তিরমিযী ৩৪৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন